

৫৪।	পঞ্চগড়	১৮৩৮	০	১৮৩৮	৫৫১৪০০০০/-	
৫৫।	খুলনা	১৭০৮	০	১৭০৮	৫১২৪০০০০/-	
৫৬।	বাগেরহাট					স্মারক-৫৩৯ ও ৫৪৬তাং- ১৫/০৩/১৬,৫.৯,১০৫-৪-১৬
		৪৪৪০	৩	৪৪৪৩	১৩৩২৯০০০০/-	
৫৭।	সাতক্ষীরা	২২১৮	০	২২১৮	৬৬৫৪০০০০/-	
৫৮।	যশোর	২৭৯১	৩৬	২৮২৭	৮৪৮১০০০০/-	স্মারক-৫০৪ ও ৫০৫,তাং-২২/০২, ৫৮-২, ১২-৪-১৬, ৬০৮, ৫-৫-১৬
৫৯।	মাগুরা	১৬১১	০	১৬১১	৪৮৩৩০০০০/-	
৬০।	ঝিনাইদহ	২০২৬	০	২০২৬	৬০৭৮০০০০/-	
৬১।	নড়াইল	২৩০৯	০	২৩০৯	৬৯২৭০০০০/-	
৬২।	কুষ্টিয়া	৩০২৫	১৬	৩০৪২	৯১২৬০০০০/-	স্মারক-৬১৪, তাং-১১/০৫/২০১৬
৬৩।	চুয়াডাঙ্গা	১৪৫৮	০	১৪৫৮	৪৩৭৪০০০০/-	
৬৪।	মেহেরপুর	৯৬০	০	৯৬০	২৮৮০০০০০/-	
		১৭৬২৪৮	২১৫	১৭৬৪৬৩	৫২৯,৭৭,০৬,০০০/-	

- ০২। এ ব্যয় (এপ্রিল থেকে জুন ২০১৬ পর্যন্ত তিন মাসের জন্য) ছাড়কৃত ৫২৯,৭৭,০৬,০০০/- (পাঁচশত ঊনত্রিশ কোটি সাতাত্তর লক্ষ ছয় হাজার) টাকা চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে ৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫ 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' কার্যক্রম ৫৯০০ সাহায্য মঞ্জুরি ৫৯২৫ কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত ১৯২০.০০ (এক হাজার নয়শত বিশ) কোটি টাকা হতে মিটানো হবে
- ০৩। ছাড়কৃত ৫২৯,৭৭,০৬,০০০/- (পাঁচশত ঊনত্রিশ কোটি সাতাত্তর লক্ষ ছয় হাজার) টাকা এবং ২০১৫-১৬ অর্থবছরে ইতোপূর্বে প্রদত্ত বরাদ্দের অব্যয়িত অর্থ সমন্বয়পূর্বক সারাদেশে সংশ্লিষ্ট জেলার নামের পার্শ্বে বর্ণিত সম্মানী ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা মোতাবেক সর্বমোট ১৭৬৪৬৩ জন মুক্তিযোদ্ধার মাঝে বিতরণের জন্য অনুরোধ জানানো হলো;
- ০৪। সকল জেলার পার্শ্বে প্রদর্শিত ২য় কিস্তির ২য় কোয়ার্টারের বরাদ্দকৃত অর্থ (এপ্রিল থেকে জুন ২০১৬ পর্যন্ত তিন মাসের জন্য) বিতরণের/উত্তোলনের জন্য সকল জেলা প্রশাসকগণের নিকট অথরিটি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল (সারণীর কলাম ৫ অনুসারে)। জেলা প্রশাসকগণ তার জেলার অনুকূলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বারদ বরাদ্দকৃত অর্থ আয়ণ ব্যয়ণ কর্মকর্তা হিসেবে জেলা হিসাবরক্ষণ /বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা হিসাব খুলে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;
- ০৫। সম্মানী ভাতা পরিশোধে সকল আর্থিক বিধি-বিধান ও সরকারি নিয়মাচার অনুসরণ করতে হবে। অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- ০৬। এ মন্ত্রণালয় থেকে ০২-০৯-২০১৫ তারিখে জারীকৃত ৩৪০ সংখ্যক পরিপত্র ও ২৫ এপ্রিল ২০১৬ তারিখের ৬০০ সংখ্যক স্মারক অনুসারে যাচাই-বাছাইঅন্তে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ নিশ্চিত করতে হবে;
- ০৭। ৩০/০৬/২০১৬ তারিখের মধ্যে জেলার অনুকূলে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী ও সমন্বয় হিসাব প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল;
- ০৮। সরকারি অনুদানের অর্থ ব্যাংক হিসাবে অব্যাহত আছে কি-না সে বিষয়ে আর্থিক শৃঙ্খলা ও সঠিক হিসাবায়নের লক্ষ্যে অডিট করতঃ প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- ০৯। সম্মানী ভাতা বিতরণ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এই অর্থ ব্যয় করা যাবে না;
- ১০। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণের ক্ষেত্রে কোন ভাবেই অগ্রিম ভাতা প্রদান করা যাবে না এবং প্রতি মাস শেষে মুক্তিযোদ্ধাদের অনুকূলে মুক্তিযোদ্ধার ব্যাংক হিসাবে মাধ্যমে ভাতা প্রদান নিশ্চিত করতে হবে ;
- ১১। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪ তম সভার সিদ্ধান্ত অনুসারে ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত প্রকৃত মুক্তিযোদ্ধার সঠিকতা নির্ণয়ের বিষয়টি পুনরায় উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত হয়েছে। সে প্রেক্ষিতে ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা/পোষ্যদের কোন রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পেতে হলে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে এ যাবৎ গ্রহণকৃত সকল সুযোগ-সুবিধা প্রত্যর্পন করতে বাধ্য থাকবেন।
- ১২। মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত নতুনভাবে কোন মুক্তিযোদ্ধাকে সম্মানী ভাতা তালিকায় অন্তর্ভুক্ত করা যাবেনা;
- ১৩। সম্মানী ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধার স্থগিতকৃত ভাতা পুনরায় চালুকরণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমাণক (সনদ, গেজেট, মুক্তিবার্তা, ভারতীয় তালিকা) ও জন্ম তারিখের প্রমাণকসহ (জন্মসনদ/এসএসসি সার্টিফিকেট/এনআইডি), মুক্তিযোদ্ধার সুনির্দিষ্ট সংখ্যা, চলতি অর্থবছরে ভাতা স্থগিতের সময়কাল ও প্রকৃত অর্থের বিবরণ উল্লেখপূর্বক চাহিদা প্রেরণের জন্য অনুরোধ করা হলো;